উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

উত্তরবঙ্গ সংবাদ

শিলিগুড়ি ৮ অগ্রহায়ণ ১৪২৮ বৃহস্পতিবার ৪.০০ টাকা 25 November 2021 Thursday 14 Pages Rs. 4.00 ইন্টারনেট সংস্করণ http://www.uttarbangasambad.in

মার্চ পর্যন্ত বিনামূল্যে কেন্দ্রের র‌্যাশন

সাতের পাতায়

ঘূর্ণি পিচে কিউয়ি-বধের ছক

তেরোর পাতায়

রাজনৈতিক বিরোধিতা ভুলে পাশাপাশি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বাসভবনে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বুধবার নয়াদিল্লিতে। -পিটিআই

জমি দখল ঘিরে অশান্তি

আতঙ্কের রাজ পোড়াঝাড়ে

সাগর বাগচী

শিলিগুড়ি, ২৪ নভেম্বর : জমি দখলকে ঘিরে একের পর এক বিবাদে ক্রমশ আতঙ্ক বাড়ছে পোড়াঝাড়ে। সরকারি জমি দখল নিয়ে শাসকদলের গোষ্ঠীদ্বন্দ্ব আরও বড় ধরনের অশান্তি পাকাতে পারে বলেই আশঙ্কা করছেন স্থানীয়রা। জমি দখল শুধু নয়, এখানে গড়ে উঠতে চলা আবাসন প্রকল্পে সাপ্লাইয়ের কাজ কে পাবে, তা নিয়েও তৃণমূলের দুই গোষ্ঠীর মধ্যে অশান্তি শুরু হয়েছে। যা নিয়ে ডাবগ্রাম-ফুলবাড়ির তৃণমূলের ব্লক সভাপতি সাগর মোহন্ত ইতিমধ্যে একটি রিপোর্ট দলের জলপাইগুড়ি জেলা নেতৃত্বকে দিয়েছেন। এমন পরিস্থিতিতে পোড়াঝাড় এলাকায় যাতে শান্তি বিঘ্নিত না হয়, তার জন্য এলাকাবাসীদের একটি অংশ প্রশাসনকে পদক্ষেপ করার আবেদন জানিয়েছেন।

স্থানীয় বাসিন্দা বিমল রায়, রঞ্জন মণ্ডল, মালতী সরকাররা বলেন, জমি বিবাদ নিয়ে একজনকে প্রাণ হারাতে হয়েছে। শুনেছি ওই তৃণমূল নেতার পোড়াঝাড়ে জমি ছিল। তাছাড়া কিছু জমির দালাল নিজেদের মধ্যে বেশ কয়েক দফা সংঘর্ষে জড়িয়েছে। মাঝেমধ্যে এদের বিবাদ চলতে থাকে। বিষয়টি নিয়ে শিলিগুড়ি পুলিশের এসিপি (পূর্ব) শুভেন্দ্র কুমার বলেন, 'কাওয়াখালি জমি আন্দোলনের বিষয়ে অভিযোগ পেয়েছি। তবে পোড়াঝাড় নিয়ে কোনও অভিযোগ আমাদের কাছে নেই।'

এদিকে স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা গিয়েছে, পোড়াঝাড়ে সরকারি জমি দখল করে কিছু মানুষ রাতারাতি ফুলেফেঁপে উঠছে। টাকার ভাগ চলে যাচ্ছে শাসকদলের উপরতলার নেতাদের কাছেও। সেইসঙ্গে এলাকার একটি আবাসন প্রকল্পে কাজ পাওয়া নিয়ে শুরু হয়েছে নতুন বিবাদ। ইতিমধ্যে কাজ পাওয়া নিয়ে দুটি গোষ্ঠী তৈরি হয়েছে। সেখানে একদিকে ১০০ জনের একটি কমিটি রয়েছে। যার নাম দেওয়া হয়েছে 'ল্যান্ড লুজার ওয়েলফেয়ার কমিটি'। ঠিক তার উলটোদিকের গোষ্ঠীতে চার-পাঁচজন স্থানীয় নেতা রয়েছে। ওই মুষ্টিমেয় কয়েকজন আগে সব কাজ করত। এবিষয়ে ডাবগ্রাম-ফুলবাড়ি ব্লক তৃণমূল সভাপতি সাগর মোহন্ত বলেন, 'তিস্তা প্রকল্পের সরকারি জায়গা দখল আসলে দীর্ঘদিনের রোগ। আবাসন প্রকল্পে কাজ কে পাবে তা নিয়ে দুই গোষ্ঠীর গণ্ডগোল চলছে। দুটিই তৃণমূলের। আবাসন প্রকল্পে কাজ পাওয়ার গণ্ডগোলকে আড়াল করতে জমি দখলের বিষয়টি সামনে নিয়ে আসা হচ্ছে। জেলা নেতৃত্বকে মুখবন্ধ খামে গোটা রিপোর্ট দিয়েছি। যারা অনৈতিক কাজে যুক্ত থাকবে তাদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ করতে হবে।'

কিছুদিন আগে পোড়াঝাড়ের ৯৫ ও ৯৬ বুথের শাসকদলের নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষ হয়। অভিযোগ, সেখানে দুটি গোষ্ঠী তৈরি হয়েছে। যার মধ্যে একটি দলে রয়েছে এলাকার বর্তমান ও প্রাক্তন পঞ্চায়েত সদস্য। অপর গোষ্ঠী চালাচ্ছে পঞ্চায়েত সদস্যের বিরোধী গোষ্ঠীর তৃণমূল নেতারা। আর তাদের অঙ্গুলিহেলনে দখল হয়ে যাচ্ছে তিস্তা প্রকল্পের অধিগৃহীত জমি। আবার এরাই আবাসন প্রকল্পে কাজ পাওয়ার বিষয়ে সামনের সারিতে।

ডাবগ্রাম-ফুলবাড়ির বিধায়ক শিখা চট্টোপাধ্যায় বলেন, 'জমি দখল নিয়ে বিধানসভায় প্রশ্ন করা হলে কোনও উত্তর মেলে না। জমির কারবার যারা করছে সকলে শাসকদলের লোক। জমি বিক্রির টাকা ভাগাভাগি নিয়ে মাঝেমধ্যে ঝামেলা হচ্ছে। এই জিনিস বন্ধ হওয়া দরকার।' পোড়াঝাড়ের ৯৫ নম্বর বুথের তৃণমূল সভাপতি বাসুদেব সরকার আগেই অভিযোগ তুলে বলেছিলেন, 'পঞ্চায়েত সদস্য নিরঞ্জন সরকার জমি দখলের ক্ষেত্রে মদত দিচ্ছেন। এলাকায় বিঘার পর বিঘা জমি পঞ্চায়েত সদস্যের মদতে বিক্রি হয়ে যাচ্ছে।' যদিও নিরঞ্জন সরকারের সাফাই, 'এলাকায় জমি মাফিয়াদের বাড়বাড়ন্ত দেখা দিয়েছে। আমরাই জমি মাফিয়াদের আটকানোর চেষ্টা চালাচ্ছি।'

পোড়াঝাড়ে জমি দখল করে এভাবেই গড়ে উঠেছে বাড়িঘর। -সংবাদচিত্র

> জমির কারবার যারা করছে সকলে শাসকদলের লোক। জমি বিক্রির টাকা ভাগাভাগি নিয়ে মাঝেমধ্যে ঝামেলা হচ্ছে। এই জিনিস বন্ধ হওয়া দরকার।
>
> **শিখা চট্টোপাধ্যায়**
> *বিধায়ক, ডাবগ্রাম-ফুলবাড়ি*

হস্টেলের ১৮ লক্ষ টাকা গায়েব, উধাও শিক্ষক

আশরাফুল হক

গোয়ালপোখর, ২৪ নভেম্বর : এলাকার দুঃস্থ ছাত্রীদের হস্টেলের বরাদ্দের লক্ষ লক্ষ টাকা সই জাল করে ব্যাংক থেকে তুলে নেওয়ার অভিযোগ উঠল স্কুলের এক সহকারী শিক্ষকের বিরুদ্ধে। সোলপাড়া হাইস্কুলের প্রধান শিক্ষক সত্যসুন্দর রায় অভিযুক্ত শিক্ষক সুদীপ্ত গুহর বিরুদ্ধে গোয়ালপোখর থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন। ঘটনা প্রকাশ্যে আসতেই এলাকার সাধারণ মানুষ থেকে শিক্ষা মহলে ব্যাপক নিন্দার ঝড় উঠেছে। সোলপাড়া হাইস্কুলের প্রধান শিক্ষকের কাছে এই বিষয়ে জানতে চাওয়া হলে তিনি বলেন, 'আমি কোনও বক্তব্য দেব না।' কোনও কিছু না বলে তিনি স্কুলের অফিস ছেড়ে বাইরে চলে যান। তারপর বারবার ফোন করলেও তাঁর সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি। ইসলামপুরের পুলিশ সুপার শচীন মক্কর জানান, সোলপাড়া স্কুলের তরফে ওই শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এলাকায় মেয়েরা শিক্ষায় অনেকটাই পিছিয়ে রয়েছে। তাদের স্বার্থের কথা ভেবে সোলপাড়া হাইস্কুলের সংলগ্ন এলাকায় ২০০৮ সালে কস্তুরবা গান্ধি বালিকা ছাত্রী আবাস নির্মাণ করা হয়েছিল। পঞ্চম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত ছাত্রীরা হস্টেলে আবাসিক থেকে পড়াশোনা করার সুযোগ পায়।

হস্টেলে থেকে ছাত্রীদের পড়াশোনা ভালোভাবেই চলছিল। কিন্তু করোনা আবহে সব কিছু ওলটপালট হয়ে যায়। ছাত্রীদের বাড়ি পাঠিয়ে দিয়ে হস্টেল বন্ধ করে দেওয়া হয়। দু'বছর পর স্কুল খুললে হস্টেলের উন্নয়নের বরাদ্দ অর্থ তছরুপের ঘটনা নজরে আসে স্কুল কর্তৃপক্ষের। অভিযোগ, সাহাপুর শাখার একটি রাষ্ট্রায়ত্ত ব্যাংক থেকে হস্টেলের ১৮ লক্ষ ৪৪ হাজার টাকা প্রধান শিক্ষকের সই জাল করে তুলে নেন সহকারী শিক্ষক সুদীপ্ত গুহ। অভিযুক্ত স্কুলের গণিত বিভাগের শিক্ষক হিসেবে কর্মরত। তিনি বর্ধমান জেলার বাসিন্দা ছিলেন। এলাকায় চাকরি করার সুবাদে স্কুলের সংলগ্ন এলাকায় বাড়ি ভাড়া নিয়ে থাকতেন। ঘটনার পরই তিনি এলাকা ছেড়ে চলে গিয়েছেন।

স্কুলের একাংশ শিক্ষক জানিয়েছেন, স্কুলের প্রধান শিক্ষক অভিযুক্ত শিক্ষককে অন্ধের মতো বিশ্বাস করতেন। এরপর দশের পাতায়

বাণিজ্য সম্মেলনে আসতে রাজি মোদি

প্রসেনজিৎ দাশগুপ্ত

নয়াদিল্লি, ২৪ নভেম্বর : এই অস্বস্তি ঢাকবে কী করে বিজেপি? রাজ্য সরকারের যে শিল্প সম্মেলন ঘিরে নানা বক্রোক্তি করে থাকে বিজেপি, সেই কর্মসূচির উদ্বোধন করতে রাজি হয়েছেন প্রধানমন্ত্রী। রাজ্যপাল জগদীপ ধনকর মাত্র ক'দিন আগেও রাজ্যের মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা অমিত মিত্রকে চিঠি দিয়ে ওইসব সম্মেলনে কত বিনিয়োগ এসেছে, তার বিস্তারিত বিবরণ চেয়েছিলেন। রাজ্যপালের ওই চিঠিতে শিল্প সম্মেলনের সাফল্য সম্পর্কে সংশয়ের সুর স্পষ্ট ছিল।

প্রধানমন্ত্রী কিনা সেই সম্মেলন উদ্বোধন করতেই রাজি হয়ে গেলেন। নরেন্দ্র মোদির সঙ্গে বৈঠক করার পর বুধবার এই খবরটি দিলেন স্বয়ং রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি বলেন, 'প্রধানমন্ত্রী আমন্ত্রণ গ্রহণ করেছেন। আগামী বছর এপ্রিল মাসে বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনের উদ্বোধন করবেন উনি।' তাঁর বক্তব্য, 'রাজনৈতিক মতপার্থক্য থাকতেই পারে। কিন্তু তার প্রভাব যাতে কেন্দ্র-রাজ্য সম্পর্কে না পড়ে, সেজন্য প্রধানমন্ত্রীকে অনুরোধ করেছি।'

আগামী ২০ এবং ২১ এপ্রিল কলকাতায় বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলন হওয়ার কথা। সেখানে মমতা যদি নরেন্দ্র মোদিকে উপস্থিত করতে পারেন, তবে নিঃসন্দেহে তা ওই সম্মেলন সম্পর্কে বিরূপ সমালোচনার মোক্ষম জবাব হবে। যদিও এবারের সম্মেলনের সাফল্য সম্পর্কে সংশয়ের সুর শোনা গেল খোদ মুখ্যমন্ত্রীর গলায়।

প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক শেষে সাউথ অ্যাভিনিউয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বাসভবনে ফিরে তিনি সাংবাদিকদের বলেন, 'রাজ্যে শিল্পের অবস্থা করুণ। তার ওপর রয়েছে কোভিড। বহু দেশ আসবে কি না সম্মেলনে, তা নিয়ে সন্দেহ রয়েছে। তবে কেন্দ্র যদি রাজ্যের সাহায্যে কাজ করে, তাহলে বাণিজ্য মেলা রাজ্যের জীবিকাহীন মানুষের জন্য দৃষ্টান্ত ও দিকনির্দেশের কাজ করতে পারে।'

মুখ্যমন্ত্রীর এই মন্তব্যের আগে থেকেই বিরোধীরা এদিন ফের মোদি-মমতা সমঝোতার তত্ত্ব আওড়াতে শুরু করেছে। প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরীর বক্তব্য, 'কংগ্রেসকে কীভাবে আরও ভাঙা যায়, মমতাকে হয়তো সেই পরামর্শই দেবেন প্রধানমন্ত্রী। বিএসএফ নিয়ে রাজ্য বিধানসভায় আলোচনায় মমতা তো অংশ নেননি। মোদির সঙ্গে এবিষয়ে আলাদাভাবে কথা বলায় ওঁর সুবিধাই হয়েছে।'

সিপিএম নেতা সুজন চক্রবর্তী বলেন, 'এই বৈঠকের সঙ্গে রাজ্যের কোনও সম্পর্ক নেই। ব্যক্তিগত স্বার্থে মোদির সঙ্গে দেখা করতে গিয়েছেন মমতা।' ইতিপূর্বে মুখ্যমন্ত্রী যতবার দিল্লি গিয়েছেন, ততবার বিরোধী জোট গঠনের পক্ষে সওয়াল করেছেন। এই সফরে কিন্তু বিরোধী জোট গঠন নিয়ে তিনি একটি শব্দও উচ্চারণ করেননি। এরপর দশের পাতায়

দিদির পাশে সুব্রহ্মণিয়াম স্বামী

একনজরে

কৃষি আইন বাতিলে সিলমোহর

আসন্ন শীতকালীন অধিবেশনে যাতে তিনটি কৃষি আইন বাতিল করা যায় সেই সংক্রান্ত একটি বিল বুধবার কেন্দ্রীয় মন্ত্রীসভায় পাস করানো হয়েছে। এদিন প্রধানমন্ত্রীর মনোভাবের প্রশংসায় পঞ্চমুখ হন কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ ঠাকুর। বলেন, পাঁচদিনের মধ্যে প্রতিশ্রুতি রক্ষা করলেন প্রধানমন্ত্রী।

বিস্তারিত সাতের পাতায়

প্রতিভার খোঁজে টি গোল্ড কাপ

চা বাগান থেকেই পরবর্তী স্টার ফুটবলার তুলে আনতে চাইছে শ্রম দপ্তর। সেই লক্ষ্যে উত্তরে অনুষ্ঠিত হতে চলেছে টি গোল্ড কাপ। আয়োজনের দায়িত্বে থাকছে ইন্ডিয়ান ফুটবল অ্যাসোসিয়েশন।

বিস্তারিত তিনের পাতায়

আজ থেকে প্রাথমিকে নিয়োগপত্র

কলকাতা, ২৪ নভেম্বর : প্রাথমিক শিক্ষক পদে চাকরিপ্রার্থীদের জন্য সুখবর।

ওই পদে নিয়োগের জন্য বুধবার যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ করল প্রাথমিক শিক্ষা পর্ষদ। প্রথম দফায় ৪৭৪ জনের নাম প্রকাশ করা হয়েছে। মেধাতালিকায় উত্তীর্ণদের নামই তালিকায় আছে বলে পর্ষদ সূত্রে জানানো হয়েছে। ওই সূত্রে খবর, আরও ৭৩৮টি পদে শীঘ্রই নিয়োগ করা হবে।

বৃহস্পতিবার থেকেই ওই তালিকায় উল্লিখিত প্রার্থীদের হাতে নিয়োগপত্র তুলে দেওয়া হবে বলে জানিয়েছেন পর্ষদ সভাপতি মানিক ভট্টাচার্য। তিনি বলেন, 'যাঁরা অফলাইনে আবেদন করেছিলেন এবং প্রথম মেধাতালিকায় যাঁরা আসতে পারেননি, তাঁদের মধ্যে থেকে সফলদের তালিকাভুক্ত করা হয়েছে।'

২০১৪ সালে টেট উত্তীর্ণদের নিয়োগ করা নিয়ে চাপ ছিলই। বয়সসীমা পেরিয়ে গেলেও নিয়োগ করা হচ্ছে না অভিযোগে চাকরিপ্রার্থীরা বারবার বিক্ষোভ দেখানোর পর দ্রুত নিয়োগে তৎপর হয় রাজ্য সরকার। ২০১৪ সালের টেট উত্তীর্ণদের একটি তালিকা তৈরি করে পর্ষদ। ওই প্রার্থীদের সকলেই অফলাইনে আবেদন করেছিলেন।

এঁরা প্রত্যেকেই ২০১৪ সালে টেট উত্তীর্ণ হন। গত ২৭ অক্টোবর এঁদের সমস্ত নথির স্ক্রুটিনি, তথ্য যাচাই, ভাইভা, অ্যাপ্টিটিউড টেস্ট হয়। ২০২০ সালের ২৩ ডিসেম্বর নিয়োগ সংক্রান্ত নোটিশের ভিত্তিতে তাঁদের সাক্ষাৎকারের জন্য ডাকা হয়েছিল। ২০১৪ সালের প্রাথমিক টেট-এর প্রশ্নপত্রে ভুলের কারণে যেসব চাকরিপ্রার্থী আদালতের দ্বারস্থ হয়েছিলেন, পরবর্তীতে হাইকোর্টের নির্দেশে তাঁদের টেট উত্তীর্ণ ঘোষণা করা হয়।

সেই উত্তীর্ণ প্রার্থীদের প্রাথমিক এরপর দশের পাতায়

ভল্লুক পিটিয়ে মারল ক্ষিপ্ত জনতা

মেটেলি ও নাগরাকাটা, ২৪ নভেম্বর : ডুয়ার্সে মানুষ-বন্যপ্রাণ সংঘাতে এবার মৃত্যু হল এক স্কুল পড়ুয়ার। বুধবার দুপুরে মেটেলি ব্লকের মেটেলি চা বাগানের ১৩ নম্বর সেকশনে ভল্লুকের হামলায় মৃত্যু হয় দীবেশ খালকো (১৮) নামে ওই পড়ুয়ার। বুধবার সকালে প্রতিদিনের মতো চা বাগানে কাজ করার সময় শ্রমিকরা ভল্লুকটিকে দেখতে পান। দেখামাত্রই গোটা বাগানে আতঙ্ক ছড়িয়ে পড়ে। খবর পেয়ে সেখানে যান বন দপ্তরের খুনিয়া স্কোয়াডের বনকর্মীরা ও মেটেলি থানার পুলিশ। ভল্লুক দেখতে ভিড় করেন বহু মানুষ। এরই মধ্যে দুপুরে বাগানের স্কুল পড়ুয়া এক ছাত্রের মাথা খুবলানো দেহ উদ্ধার হয়। জনতার সন্দেহ হয়, ছেলেটিকে মেরে মাথা খুবলে খেয়েছে ভল্লুক। এরপরই উত্তেজিত জনতা ভল্লুকটিকে ঘিরে বাঁশ-লাঠি দিয়ে বনকর্মী ও পুলিশের সামনেই পিটিয়ে মারে।

মৃত যুবক নাগরাকাটার একলব্য মডেল আবাসিক স্কুলের একাদশ শ্রেণির ছাত্র। বাবা অসুস্থ থাকায় সে গত সোমবার স্কুল থেকে দু'দিনের ছুটি নিয়ে বাড়িতে এসেছিল। স্কুলের অধ্যক্ষ মেজর অমরজিৎ সিং চৌহান বলেন, 'অত্যন্ত দুঃখজনক ঘটনা। বাবা মালবাজার হাসপাতালে ভর্তি থাকায় সে ছুটি নিয়ে বাড়ি যায়। বলেছিল, মা ছাড়া ঘরে আর কেউ নেই। হাসপাতালের পুরুষ ওয়ার্ডে বাবার দেখভালের জন্য বাড়ি যাচ্ছে। এদিন এমন মর্মান্তিক ঘটনার খবর পাই।'

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন ১০টা নাগাদ ভল্লুক বাগানে এরপর দশের পাতায়